

প্রাথমিকের বৃত্তির ফল রবিবার

নিজস্ব প্রতিবেদক >

প্রাথমিকের বৃত্তির তালিকা ঘোষণা করা হবে আগামী রবিবার। ২০১৪ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এ তালিকা প্রকাশ করা হবে। ওই দিন দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাক্কির রহমান ফিজার এই তালিকা প্রকাশ করবেন বলে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এবার প্রায় ৫৫ হাজার শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে বলে জানা গেছে। গত বছর প্রাথমিক সমাপনীতে ৫৪ হাজার ৪১২ জন শিক্ষার্থী বৃত্তি পায়। এর মধ্যে ২১ হাজার ৯৭৮ জনকে মেধাবৃত্তি (টার্গেটপুল) এবং ৩২ হাজার ৪৩৪ জনকে সাধারণ বৃত্তি দেওয়া হয়।

সর্বশেষ প্রাথমিক সমাপনী পরীক্ষায় ২৬ লাখ ৮৩ হাজার ৭৮১ জন শিক্ষার্থী অংশ নেয়, যার মধ্যে ২৬ লাখ ২৮ হাজার ৮৩ জন পাস করে, জিপিএ ৫ পায় দুই লাখ ২৪ হাজার ৪১১ জন।

মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতি মাসে ২০০ টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্তদের মাসে ১৫০ টাকা করে দেওয়া হয়। এ ছাড়া বৃত্তিপ্রাপ্ত সবাইকে বছরে এককালীন ১৫০ টাকা করে দেওয়া হয়। তিন বছর পর্যন্ত এ সুবিধা দেওয়া হয়।

আগে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের আলাদা পরীক্ষা নিয়ে বৃত্তি দেওয়া হলেও ২০০৯ সাল থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তি দেওয়া হচ্ছে।

মোবাইলে বৃত্তির ফল জানতে DPE লিখে স্পেস দিয়ে থানা কোড লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের বছর লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসেই ফল পাওয়া যাবে।